



SANGRAM
(Sangathita Gramunnyan Karmasuchi)

Date : ২৮/০২/২০২৪

Ref : সং/বর/৫০৬/২০২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

সংগ্রাম (সংগঠিত গ্রামোন্নয়ন কর্মসূচী) মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি(এমআরএ) এর সনদপ্রাপ্ত বিভাগীয় পর্যায়ে সুপ্রতিষ্ঠিত একটি বেসরকারী সংস্থা, যার এমআরএ সনদ নম্বর-০৩৭৮২-০০৯৫৮-০০১৮৮। উক্ত সংস্থায় ক্ষুদ্রঅর্থায়ন কর্মসূচীতে কাজ করার জন্য নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে ১০জন যোগ্যতা সম্পন্ন জুনিয়র ব্যবস্থাপক নিয়োগ করা হবে।

কাজের ধরণঃ সার্বক্ষণিক

কাজের বিবরণী

- কর্মী ব্যবস্থাপনা।
- পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন।
- সরকারী ও বেসরকারী এবং স্টেক হোল্ডারদের সাথে সু-সম্পর্ক বজায় রাখা ও যোগাযোগ রক্ষা করা।
- মাসিক লক্ষমাত্রা এবং অর্জন যাচাই করা ও ১০০% অর্জনের কলা কৌশল নির্ধারণ করা এবং বাস্তবায়ন করা।
- প্রতিবেদন প্রস্তুত ও দাখিল করা।
- কর্তৃপক্ষের যে কোন বৈধ আদেশ পালন করতে বাধ্য থাকা এবং যথাযথ উর্ধ্বতন কর্মকর্তাদের নিকট জবাবদিহিতা নিশ্চিত করা।
- সর্বপরি Job Description অনুযায়ী অর্পিত দায়িত্ব পালন করা।

শিক্ষাগত যোগ্যতাঃ স্নাতকোত্তর/ সমমান

বয়সঃ বয়স সর্বোচ্চ ৩০-৩৫ বছর(২৯.০২.২০২৪ তারিখ পর্যন্ত)।

অন্যান্য যোগ্যতা

- Computer পরিচালনায় বেসিক ধারণা থাকা। বিশেষ করে MS Word এবং MS Excel এ দক্ষতা থাকা।
- মটরসাইকেল চালনায় পারদর্শী এবং বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকা।
- সঠিক দেহী, কঠোর পরিশ্রমী, চ্যালেঞ্জ গ্রহণে আগ্রহী, সং ও চরিত্রবান হওয়া। সংস্থার যে কোন কর্মএলাকায় কাজ করার মানসিকতা থাকা।

বেতনক্রমঃ • শিক্ষানবিশকালে-২২,১৪০/-টাকা এবং স্থায়ীকরণের পর সর্বসাকুল্যে ২৯,৯৪০/-টাকা (সংস্থার পিএফ সহ)।

অন্যান্য সুবিধা

- নির্বাচিত প্রার্থীকে চাকুরীতে যোগদানের পর ০৬(ছয়)মাস শিক্ষানবিশ হিসেবে নিয়োগ দেয়া হবে। শিক্ষানবিশকাল শেষে মূল্যায়ন সাপেক্ষে নিয়মিত বেতন কাঠামোভুক্ত করা সহ পি এফ, গ্রাচুয়েটি, আপদকালীন সুবিধা, বছরে ০২টি উৎসব বোনাস, বিনা খরচে অফিসে থাকার সু-ব্যবস্থা, প্রতি বৎসর বাৎসরিক ইনক্রিমেন্ট প্রদান, সংস্থার নিয়ম অনুযায়ী মটরসাইকেল জ্বালানী, ও মেরামত বিল প্রদান এবং ভোলা এরিয়া নিয়োগপ্রাপ্তদের ক্ষেত্রে সংস্থার নিয়ম অনুযায়ী মাসিক বেতনের বাইরে ১০০০/-টাকা অতিরিক্ত যাতায়াত বিল প্রদান সহ অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান।

কর্ম এলাকাঃ বরিশাল ও ঢাকা বিভাগ।

প্রয়োজনীয় কাজপত্রঃ

- শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের ফটোকপি। চাকুরীতে যোগদানের সময় সকল মূল সনদপত্র, পরিচয়পত্রের মূল কপি দেখাতে হবে।
- চেয়ারম্যান কর্তৃক চারিত্রিক নাগরিকোত্তর সনদপত্র।
- ২ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি।
- অভিজ্ঞতার সনদপত্র।
- ভোটার আই.ডি'র ফটোকপি।
- নির্বাহী পরিচালক, সংগ্রাম (সংগঠিত গ্রামোন্নয়ন কর্মসূচী) বরাবরে স্বহস্তে লিখিত আবেদন পত্র।

আবেদন জমাদানের শেষ তারিখঃ ০৭.০৩.২০২৪খ্রি.। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে। আবেদন পত্রে পদের নাম, মোবাইল ও নিজস্ব মেইল নাম্বার উল্লেখ করতে হবে।

বিঃদ্রঃ উক্ত নিয়োগ প্রক্রিয়ায় উপস্থিতির জন্য কোন প্রকার টিএ.ডিএ প্রদান করা হবে না। এই নিয়োগ কার্যক্রম রহিত বা স্থগিত করার সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। (তদবির প্রার্থনাকারীকে চাকুরীর জন্য অযোগ্য বলে বিবেচনা করা হবে)

রেশমাতুজ্জামান
পরিচালক(মানবসম্পদ ও প্রশাসন)

Head Office : 65, Shahid Smriti Sarak, Barguna-8700, Bangladesh.

Liaison Office : Genetic West Wood, H # 284-285, R # 2, Adabor, Dhaka-1207.

☎ +88 0448 62828 ✉ sangramngo@yahoo.com 🌐 facebook.com/ngosangram 🌐 www.sangram.ngo

Reg. Number

Barguna-47/89 - Department of Social Services
454 - NGO Affairs Bureau
03782-00958-00188 - Microcredit Regulatory Authority (MRA)